

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অর্থ মন্ত্রণালয়

অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

[ মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক ]

প্রজ্ঞাপন

তারিখ: ০৮ মার্চ, ১৪৩১ বঙ্গাব্দ / ২২ জানুয়ারি, ২০২৫ খ্রিষ্টাব্দ।

এস.আর.ও. নং-৩৯-আইন/২০২৫/২৭৫-মুসক।—সরকার, মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ (২০১২ সনের ৪৭ নং আইন) এর ধারা ১২৬ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে, নিম্নবর্ণিত টেবিলের কলাম (১) এ উল্লিখিত শিরনামা সংখ্যা এবং উহাদের বিপরীতে কলাম (২) এ উল্লিখিত সেবার কোড এর বিপরীতে কলাম (৩) এ বর্ণিত সেবাসমূহের ক্ষেত্রে কলাম (৪) এ উল্লিখিত হারের অতিরিক্ত পরিমাণ মূল্য সংযোজন কর হইতে অব্যাহতি প্রদান করিল, যথা :—

টেবিল

শিরনামা সংখ্যা	সেবার কোড	সেবাসমূহ	মূল্য সংযোজন কর হার
(১)	(২)	(৩)	(৪)
S০০১	S০০১.১০	নন-এসি হোটেল	১০%
	S০০১.২০	রেন্ডেরী (বেসামরিক বিমান পরিবহণ ও পর্যটন মন্ত্রণালয়ের তালিকাভুক্ত তিন তারকা বা তদুর্ধ্ব মানের আবাসিক হোটেলে অবস্থিত রেস্টুরেন্ট, মদের বার সম্বলিত আবাসিক হোটেলে অবস্থিত রেস্টুরেন্ট এবং মদের বার আছে এমন রেস্টুরেন্ট ব্যতীত)	৫%
S০০৩	S০০৩.১০	মোটর গাড়ীর গ্যারেজ এবং ওয়ার্কশপ	১০%
S০২২	S০২২.০০	মিষ্টান্ন ভান্ডার	১০%
S০৭৮	S০৭৮.০০	(ক) নিজস্ব ব্র্যান্ড সম্বলিত তৈরি পোশাক বিপণন	১০%
		(খ) নিজস্ব ব্র্যান্ড ব্যতীত তৈরি পোশাক বিপণন	৭.৫%

২। ইহা অবিলম্বে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ আবদুর রহমান খান এফসিএমএ

সচিব।